

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 06-11-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Bihar Election :

বিহারে ১৮টি জেলার ১২১টি আসনে বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের ভোটগ্রহণ আজ সকাল ৭টায় শুরু হয়েছে। অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভোটগ্রহণ নিশ্চিত করার জন্য ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ভোটগ্রহণ সন্ধ্যা ৬টা পর্যন্ত চলবে। তবে নিরাপত্তার কারণে ৫৬টি ভোটকেন্দ্রে বিকেল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ হবে। এই পর্বে, মোট ১,৩১৪ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন ৩ কোটি ৭৫ লক্ষেরও বেশি ভোটার।

দ্বিতীয় পর্যায়ে, ২০টি জেলার ১২২টি বিধানসভা আসনে এ মাসের ১১ তারিখে ভোটগ্রহণ হবে এবং ভোট গণনা করা হবে ১৪ই নভেম্বর।

Governor-Kanchanpur :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, দেশের সীমান্তবর্তী দুর্গম এলাকায় বসবাসকারী নাগরিকদের কাছে সরকারি সমস্ত সুযোগ সুবিধা পৌঁছে দিতে কেন্দ্রীয় সরকার বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে। গতকাল উত্তর ত্রিপুরা জেলার বিভিন্ন সীমান্ত গ্রাম পরিদর্শনকালে একথা বলেন। এই পরিদর্শনের উদ্দেশ্য হল কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের উন্নয়নমূলক প্রকল্পগুলি যথাযথভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা সে সম্পর্কে অবহিত হওয়া। রাজ্যপাল প্রথমে দশদা ব্লকের সীমান্তবর্তী গ্রাম ভান্ডারীমার স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন। এরপর তিনি ভান্ডারীমা ভিলেজ কমিটির অন্তর্গত ব্রু পুনর্বাসন গ্রাম খাসনামপাড়া যান এবং সেখানে তিনি জনগণের সঙ্গে মতবিনিময় করেন।

Dr. Mansukh Mandaviya :

কেন্দ্রীয় শ্রম ও কর্ম বিনিয়োগ মন্ত্রী ড: মনসুখ মান্ডবিয়া বলেছেন, পাকিস্তান ক্রমাগত শত্রুতা ও সীমান্ত পারের সন্ত্রাসবাদের মাধ্যমে সিন্ধু জল চুক্তি লংঘন করে চলেছে। তিনি বলেন প্রতিবেশী দেশটি ভারতের বিভিন্ন প্রকল্পের কাজ ব্যাহত করার উদ্দেশ্যে বারবার এই যুক্তি অমান্য করছে। দোহায় অনুষ্ঠিত দ্বিতীয় বিশ্ব সমাজ উন্নয়ন সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে ভারতের বিবৃতি প্রদানকালে ড: মান্ডবিয়া পাকিস্তানের প্রেসিডেন্টের ভারতের বিরুদ্ধে দেওয়া কিছু অযৌক্তিক মন্তব্যের তীব্র প্রতিবাদ জানিয়ে একথা বলেন। তিনি আরো বলেন, ভারতের আভ্যন্তরীণ বিষয়ে কোনো মন্তব্য করার অধিকার পাকিস্তানের নেই।

CM Felicitated Talented Painters :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলায় রাজ্যের কৃতি চিত্রশিল্পীদের সম্মান জানান। উল্লেখ্য, 'বিকশিত ভারত কে রঙ, কলা কে সঙ'-এর অঙ্গ হিসেবে ললিত কলা একাডেমি আগরতলা, এন.ই.আর.সি, তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং NEZCC-এর সহযোগিতায় গত ২৫ এবং ২৭শে সেপ্টেম্বর নজরুল কলাক্ষেত্রে চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। গতকাল সেই চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে সম্বর্ধনা জানানো হয়। মুখ্যমন্ত্রী বিজয়ীদের হাতে অর্থরাশি সম্বলিত চেক এবং শংসাপত্র তুলে দেন। তিনি চিত্র শিল্পীদের সাফল্য কামনা করেন।

PM-Narendra Modi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নয়াদিল্লিতে জাতীয় সংগীত বন্দেমাতরম এর দেড়শ বছর পূর্তি উদযাপনের বর্ষব্যাপী অনুষ্ঠানের উদ্বোধন করবেন। সংস্কৃতি মন্ত্রণালয় এই অনুষ্ঠানের আয়োজন করবে। আগামীকাল থেকে আগামী বছরের ৭ই নভেম্বর পর্যন্ত এই অনুষ্ঠান চলবে।

বছরব্যাপী এই উদযাপন কালোজয়ী রচনার দেড়শ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত হবে যা ভারতের স্বাধীনতা আন্দোলনে প্রেরণা জুগিয়েছিল এবং এখনো জাতীয় গৌরব ও ঐক্যের অনুভূতি জাগিয়ে তোলে। এই উপলক্ষে বন্দেমাতরম এর দেড়শ বছরের ইতিহাস নিয়ে একটি বিশেষ প্রদর্শনী আয়োজিত হবে। এছাড়া একটি সংক্ষিপ্ত প্রামাণ্য চিত্র প্রদর্শন স্মারক ডাকটিকিট ও স্মারক মুদ্রা প্রকাশ করা হবে।

Brahmakunda Mela :

রাজ্যের ঐতিহ্যবাহী ব্রহ্মাপূর্ণ মেলা গতকাল থেকে মোহনপুর মহকুমার শিমনায় শুরু হয়েছে। কৃষিমন্ত্রী রতনলাল নাথ তিন দিনব্যাপী এই মেলার উদ্বোধন করে বলেন ব্রহ্মকুণ্ডের পরিকাঠামো এখন অনেক উন্নত হয়েছে জাতীয় উপজাতি উভয় সম্প্রদায়ের মানুষ এখানে পূজা দেন পরে তিনি মেলায় কৃষি দপ্তর পানীয় জল সম্পদ দপ্তর মৎস্য দপ্তর ও অন্যান্য দপ্তরের দল পরিদর্শন করেন। তথ্য সংস্কৃতি দপ্তর মোহনপুর মহকুমা প্রশাসন ও ব্রহ্মকুণ্ড মেলা কমিটির যৌথ উদ্যোগে আয়োজিত এই মেলার উদ্বোধনী অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীল এডিসির কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন।

Murasing Mela :

রাস পূর্ণিমা উপলক্ষ্যে গতকাল দক্ষিণ জেলার মুরাসিং পাড়ায় শ্রী শ্রী হরিচাঁদ গোস্বামী মন্দিরে মুরার সিং সামাজিক ও সাংস্কৃতিক উৎসবে উদ্বোধন করেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা। সমবায় মন্ত্রী শুক্লাচরণ নদিয়া বিধায়ক প্রমদ দেয়াং উপস্থিত ছিলেন উদ্বোধনী অনুষ্ঠানে সেখানে সারারাত ব্যাপী মেলা সাংস্কৃতিক মঞ্চে চলে সাংস্কৃতিক অনুষ্ঠান।

Mukhyomontri Samipeshu :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলায় মুখ্যমন্ত্রী সমীপেশ্বর ৫৬তম পর্বে রাজ্যের বিভিন্ন অঞ্চল থেকে আগত জনগণের সমস্যার কথা শোনেন এবং তা দ্রুত নিরসনের নির্দেশ দেন। উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি ধরনের বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।
